

# নারীপক্ষ

র্যাংগস নীলু স্কয়ার (৫ম তলা) বাড়ি-৭৫, সড়ক-৫/এ, সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৯, বাংলাদেশ।

ফোন: ৮৮০-২-৪৮১১১১৭৩, ৫৮১৫৩৯৬৭ ফ্যাক্স: ৮৮০-২-২২২২৪২৭৬০, ই-মেইল: naripokkho@gmail.com ওয়েবসাইট: [www.naripokkho.org.bd](http://www.naripokkho.org.bd)

স্মারক নং- না.প- ০৮/২০২৩- ৩৪৮

১৮ শ্রাবণ ১৪৩০

২ আগস্ট ২০২৩

## প্রতিবাদ বিবৃতি


খুলনায় নারী ফুটবলারদের উপর হামলা, নির্যাতন ও হুমকির ঘটনায় সকল দোষীকে অনতিবিলম্বে  
শ্রেফতার, নিরপেক্ষ তদন্ত ও সুষ্ঠু বিচারের দাবি জানাচ্ছে নারীপক্ষ

সামাজিক যোগাযোগ মাধ্যম ও পত্রিকান্তরে প্রকাশিত খবরে জানা যায়, গত ২৭ জুলাই ২০২৩ খুলনার বটিয়াঘাটা উপজেলার তেঁতুলতলা এলাকার মাঠে ফুটবল খেলার সময়ে মাঠসংলগ্ন একটি বাড়ি থেকে নূপুর খাতুন নামে একজন তরুণী খুলনা বিভাগীয় অনূর্ধ্ব-১৭ নারী ফুটবল দলের সদস্য সাদিয়া নাসরিন এর ছবি তুলে তার পরিবার এবং আত্মীয়স্বজনকে পাঠিয়ে তার পোশাক নিয়ে কটুক্তি করে। ২৯ জুলাই ২০২৩ সন্ধ্যায় সাদিয়া ও তার পরিবার এবং একই দলের মঙ্গলী বাগচিসহ কয়েকজন নারী ফুটবলার ঐ তরুণীর বাড়িতে গিয়ে এর প্রতিবাদ করায় তাদের উপর সশস্ত্র হামলা চালায় ঐ তরুণী ও তার পরিবার। এক পর্যায়ে তারা লোহার রড দিয়ে পিটিয়ে মঙ্গলীর মাথা ফাটিয়ে দেয় এবং তাকে ২ ঘন্টা ঘরে অবরুদ্ধ করে রাখে। আহত হন সাদিয়া ও তার মা এবং হাজেরা ও জুইসহ আরো কয়েকজন নারী ফুটবলার। ঘটনার পরেরদিন সাদিয়া নাসরিন ঐ তরুণী ও তার মা, বাবা, ভাইকে আসামি করে বটিয়াঘাটা থানায় মামলা করলে ঐদিনই পুলিশ অভিযুক্তদের একজনকে শ্রেফতার করে। পলাতক আসামিরা এখন সাদিয়া ও তার বন্ধুদের ফোনে হুমকি দিচ্ছে।

পৃথিবীর এক প্রান্তে যখন নারী ফুটবল বিশ্বকাপ চলছে এবং বাংলাদেশের ‘নারী ফুটবল’ গর্ব করার যায়গায় পৌঁছে গেছে তখন এই ধরনের ঘটনা কোনভাবেই বরদাস্ত করা যায় না। এর আগেও দেশের বিভিন্ন স্থানে নারী খেলোয়াড়দের পোশাক নিয়ে কটুক্তি ও হামলা হয়েছে। নারীদের খেলাধুলার উপরে নানারকম আক্রমণ ও আঘাত এসেছে- যা নারীর সার্বিক অগ্রগতি ও উন্নয়নকে বাধাগ্রস্ত করছে।

নারীপক্ষ খুলনায় নারী ফুটবলারদের উপর হামলা, নির্যাতন ও হুমকির ঘটনায় সকল দোষীকে অনতিবিলম্বে শ্রেফতার, নিরপেক্ষ তদন্ত ও সুষ্ঠু বিচারের দাবি জানাচ্ছে। নারীপক্ষ’র দাবি, দেশের কোথাও যাতে আর এই ধরনের একটি ঘটনাও ঘটতে না পারে এবং কোন নারী খেলোয়াড়ের উপর কোন রকম বাধা না আসে সে বিষয়ে সংশ্লিষ্ট প্রশাসন, মন্ত্রণালয় ও সরকার আশু পদক্ষেপ গ্রহণ করবেন। সকল প্রকার খেলাধুলায় নারীর অবাধ অংশগ্রহণ ও উন্নয়ন নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণেরও দাবি জানাচ্ছে নারীপক্ষ। সেই সাথে এলাকার জনগণকে এই ধরনের ঘটনার বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহ্বান জানাচ্ছে।

বার্তা প্রেরক,



তামান্না খান পপি  
আন্দোলন সম্পাদক,  
নারীপক্ষ।

**NARIPOKKHO**

GPO Box-723, Dhaka-1000, Bangladesh, Phone: 880-2-48111173, 58153967, 222242760

E-mail: naripokkho@gmail.com, Website: [www.naripokkho.org.bd](http://www.naripokkho.org.bd)